আলমডাঙ্গায় ভোক্তা অধিদফতরের অভিযান, ২১ হাজার টাকা জরিমান

আলমডাঙ্গায় জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদফতরের অভিযানে ৩ হোটেল ও দোকান মালিককে জরিমানা করেছে।

সোমবার দুপুর ১ টায় আলমডাঙ্গার পৌর শহরে এ ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করেন। এসময় ৩ হোটেল ও দোকান মালিককে ২১ হাজার টাকা জরিমানা করেন।

জানাগেছে, আলমডাঙ্গার পৌর হাউসপুর ও লালব্রিজ এলাকায় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদফতর মোবাইল কোর্ট পরিচালনা করেন। এসময় লালব্রিজের নিকট মেসার্স ফাইভ স্টার বাবু হোটেলে মেয়াদ উত্তীর্ণ খাবার ও অস্বাস্থ্যকর পরিবেশে রান্নার অভিযোগে ৮ হাজার টাকা জরিমানা করেন।

এদিকে, মেসার্স সুরেশ স্টোরকে ১০ হাজার টাকা ও মেসার্স রেজা স্টোরকে ৩ হাজার টাকা জরিমানা করেন।

ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করেন চুয়াডাঙ্গা জেলা কার্যালয়ের ভোক্তা অধিকার অধিদফতরের সহকারি পরিচালক সজল আহমেদ।

আদালত পরিচালনার সময় উপস্থিত ছিলেন আলমডাঙ্গা থানার উপ-পরিদর্শক এসআই জামাল হোসেন সঙ্গীয় ফোর্স।

গাংনী সহড়াতলার ফেনসিডিল মামলার আসামী সেই রুবেল হোসেন গ্রেফতার

বিডিআরের দায়ের করা মাদক আইনের মামলার আসামী সীমান্ত গ্রাম সহড়াতলার সেই রুবেল হোসেন (২৬) কে গ্রেফতার করেছে গাংনী থানা

পুলিশ। রুবেল হোসেন গাংনী উপজেলার সহড়াতলা গ্রামের বাগানপাড়া এলাকার নজরুল ইসলামের ছেলে।

রোববার দুপুরে গাংনী থানা পুলিশের উপপরিদর্শক (এসআই) নাসির উদ্দীন সঙ্গীয় ফোর্সসহ তার বাড়িতে অভিযান চালিয়ে রুবেল হোসেনকে গ্রেফতার করেন।

তার নামে সহড়াতলা বিডিআর ক্যাম্পের দায়ের করা মাদক দ্রব্য নিয়ন্ত্রণ আইন ৩৬ এর ১ টেবিল এর ১৪(খ) ধারায় একটি মামলা রয়েছে। গাংনী থানার মামলা নং ১। তারিখ-০১/০৩/২০২২ ইং।

এর আগে চলতি মাসের ১ তারিখে সহড়াতলা বিজিবি ক্যাম্পের সদস্যরা ৪৭ বোতল ফেনসিডিলসহ আসাদুল ইসলাম নামের একজনকে গ্রেফতার করেন। আসাদুল ইসলামকে বিজ্ঞ আদালতে নিয়ে ১৬৪ ধারায় জবানবন্দী রেকর্ড করা হয়।

তার দেওয়া জবানবন্দী মোতাবেক ফেনসিডিলের মুল মালিক হিসেবে রুবেল হোসেনকে মামলার আসামী করা হয়। উল্লেখ্য রুবেল হোসেনের বড় ভাই নাজমুল হোসেনও এলাকার একজন শীর্ষ মাদক ব্যবসায়ী ছিলেন।

গত বছর নাজমুল হোসেন ক্রসফায়ারে নিহত হন। নাজমুল হোসেন নিহত হওয়ার পর এই রুবেল হোসেন সীমান্ত এলাকায় ফেনসিডিলের সিন্ডিকেট নিয়ন্ত্রণ করতো।

ফেনসিডিলের গডফাদার হিসেবে সে নিজেকে প্রতিষ্ঠিত করে। সোমবার সকালের দিকে গ্রেফতারকৃত রুবেল হোসেনেকে আদালতে হাজির করা হবে।

দর্শনা সীমান্তে ভারতীয় ৩ নাগরিক সহ ৫ জন আটক! প্রইভেটকারসহ ভারতীয় শাড়ী

উদ্ধার

চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার দর্শনা থানা পুলিশ বিশেষ অভিযান চালিয়ে একটি প্রইভেটকারসহ ভারতীয় ৮৪ পিছ উন্নত মানের শাড়ী ও পাসপোটধারী ৩ জন ভারতীয় নাগরিক সহ ৫ জনকে আটক করেছে পুলিশ।

রোববার সন্ধ্যা ৭ টার দিকে দর্শনা সীমান্তবর্তী শ্যামপুর বিজিবি মোড় থেকে এই প্রাইভেটকার সহ তাদেরকে আটক করা হয়।

এরা হলেন, ভারতের উত্তর ২৪ পরগনার জেলার বনগাঁ থানার নয়াগোপালগঞ্জ গ্রামের রজত ভৌমিকের কন্যা সন্ধ্যা ভৌমিক (৪৪) একই চিত্তরঞ্জন দাশের স্ত্রী মঞ্জু দাস(৬০) একই জেলার বনগাঁ থানার পেট্রাপোল গ্রামের আইয়ুব সাহাজীর ছেলে সালাম সাহাজি (২৫) এবং বাংলাদেশের যশোর জেলার শার্শা উপজেলার সাদিপুর গ্রামের মফিজুর রহমানের ছেলে ছাব্বির (২০) ও একই উপজেলার গ্রমের মিন্টু রহমানের ছেলে মেহেদী হাসান (২২)।

এ ঘটনায় দর্শনা থানার অফিসার ইনচার্জ (ওসি) এ এইস এম লুৎফুল কবির জানান, গোপন সংবাদের ভিত্তিতে দর্শনা সীমান্তের শ্যমপুর গ্রামে অভিযান চালায়।

এসময় দর্শনা জয়নগর সীমান্তের দিক থেকে আসা একটি প্রাইভেটকার নম্বর যশোর-খ-১১-০০১০ সহ ৫ জনকে আটক করা হয়।

পরে প্রাইভেটকার তল্লাশি করে পাঁচটি বস্তা ভর্তি ভারতীয় ৮৪ পিছ শাড়ী উদ্ধার করা হয়। যার আনুমানিক মুল্য ২ লক্ষ ১০ হাজার টাকা।

এ ঘটনায় দর্শনা থানার এসআই নিতিশ কুমার বাদী হয়ে একটি মামলা দায়ের করেছে। আগামীকাল সোমবার সকালে আসামীদের আদালতে প্রেরণ করা হবে।

ঝিনাইদহে কলেজ ছাত্রীকে অপহরণের প্রতিবাদে বিক্ষোভ মিছিল ও কর্মসূচী পালন

ঝিনাইদহে সরকারি কেসি কলেজের একাদশ শ্রেণীর বিজ্ঞান বিভাগের ছাত্রী আনিকা আশরাফ প্রমি অপহরণের প্রতিবাদ ও উদ্ধারের দাবীতে বিক্ষোভ মিছিল ও অবস্থান কর্মসূচী পালন করেছে তার সহপাঠীরা।

রোববার সকালে শহরের কেজি কলেজ থেকে একটি বিক্ষোভ মিছিল বের করে শিক্ষার্থীরা। মিছিলটি শহরের বিভিন্ন সড়ক ঘুরে জেলা প্রশাসকের কার্যালয়ের সামনে গিয়ে শেষ হয়। পরে সেখানে অবস্থান করে ঘন্টা ব্যাপী বিভিন্ন শ্লোগান দিয়ে বিক্ষোভ করতে থাকে।

প্রমির পিতা আশরাফুদ্দৌলা খোকন জানান, শনিবার বিকেলে প্রমি কোচিং সেন্টার থেকে বাড়ি ফিরছিল। শহরের নিউ একাডেমি স্কুলের সামনে পৌঁছালে আগে থেকে সেখানে ওৎ পেতে থাকা শৈলকুপা উপজেলা যুবলীগের যুগ্ম সম্পাদক আবুজার গিফারী গাফফারসহ আরও কয়েকজন প্রমি জোরর্পূবক মাইক্রোবাসে তুলে নিয়ে যায়।

সেই সময় প্রমি আত্মচিৎকার করেছে। কেউ তাকে উদ্ধার করতে এগিয়ে আসেনি। আমি আমার মেয়েকে ফেরত চাই। আমি গাফফারের শাস্তি চাই।

সানজানা ইসলাম ওহি নামের এক সহপাঠী বলেন, প্রমি খুবই মেধাবী ছাত্রী। তার চলাফেরা খুব ভালো। আমার সহপাঠীকে যে সন্ত্রাসীরা অপরহরণ করে নিয়ে গেছে আমরা তাদের গ্রেফতারের দাবী জানাচ্ছি। আমরা তার উদ্ধার ও দোষীদের শাস্তির দাবি জানাচ্ছি।

ঘন্টব্যাপী চলা এই কর্মসূচীতে শিক্ষার্থীরা প্রমিকে উদ্ধার ও জড়িতদের গ্রেফতারের দাবী জানান। পরে পুলিশ ও প্রশাসনের আশ্বাসে তারা কর্মসূচী প্রত্যাহার করে।

এ ব্যাপারে ঝিনাইদহ সদর থানার ওসি শেখ মোহাম্মদ সোহেল রানা বলেন, অপহরণের ঘটনায় থাকায় একটি মামলা হয়েছে। আমরা তথ্যপ্রযুক্তি ব্যবহার করে তাকে উদ্ধারের চেষ্টা চালিয়ে যাচ্ছি।

গাংনীতে দুই মাদক সেবনকারীর কারাদন্ড

মেহেরপুরের গাংনী উপজেলার ভাটপাড়া গ্রামে অভিযান চালিয়ে দুই মাদক সেবীকে তিন মাসের কারাদন্ড ও ১০০ টাকা জরিমানা করেছেন ভ্রাম্যমাণ আদালত।

আজ রবিবার বেলা ১১ টার সময় মাদক দ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর ও ভ্রাম্যমাণ আদালতের যৌথ অভিযানে দুই মাদকসেবীকে দন্ড প্রদান করেন নির্বাহী ম্যাজিষ্ট্রেট নাজমুল আলম।

দন্ডপ্রাপ্তরা হলো- ভাটপাড়া গ্রামের মৃত আখের আলীর ছেলে রিপন আলী(৩৭) ও নওয়াপাড়া গ্রামের আবু বক্করের ছেলে জিয়াউর রহমান ওরফে জিয়া(৪০)।

আদালত পরিচালনাকারি নির্বাহী ম্যাজিষ্ট্রেট ও গাংনী উপজেলার সহকারি কমিশনার (ভূমি) নাজমুল আলম জানান, ভাটপাড়া গ্রামের রিপন আলির বাড়ি থেকে আবু বকরের ছেলে জিয়াকে হেরোইন সেবনরত অবস্থায় ও মৃত আখের আলির ছেলে রিপন আলিকে গাঁজা সেবনরত অবস্থায় হাতেনাতে আটক করা হয়। এসময় তারা দোষ স্বীকার করে জবানবন্দি দিলে ও আর কখনও মাদক ছুয়েও না দেখার অংগিকার করলে আদালত তাদের প্রত্যেককে ৩ মাস করে বিনাশ্রম কারাদণ্ড ও ১০০ টাকা করে অর্থদণ্ড প্রদান করেন।

এ সময় জব্দকৃত ১০ গ্রাম গাজা ও ০.৫০ গ্রাম হেরোইন উপস্থিত জনসাধারণের সামনে ধ্বংস করা হয়। আদালত পরিচালনায় সার্বিক সহায়তা প্রদান করেন মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, মেহেরপুর জেলা কার্যালয়ের পরিদর্শক মোঃ আব্দুল মান্নান ও অন্যান্য অফিসার বৃন্দ।

ঝিনাইদহে হত্যা মামলার প্রধান আসামী গ্রেফতার

ঝিনাইদহে চাচা হত্যা মামলার প্রধান আসামীকে মাগুরা জেলার শ্রীপুর থেকে গ্রেফতার করেছে ঝিনাইদহ র্যাব-৬।

র্যাবের এক প্রেসবিজ্ঞপ্তিতে জানান গত ১ মার্চ র্যাব-৬ এর একটি চৌকস আভিযানিক দল গোপন সংবাদের ভিত্তিতে জানতে পারে যে, ঝিনাইদহের চাচা হত্যা মামলার প্রধান আসামী রমজান মাগুরা জেলার শ্রীপুর থানা এলাকায় অবস্থান করছে।

প্রাপ্ত সংবাদের ভিত্তিতে আভিযানিক দলটি একই তারিখ রাত সাড়ে ১১টার সময় মাগুরা জেলার শ্রীপুর থানাধীন খামারপাড়া বাজারস্থ গোরস্থান মোড় এলাকায় অভিযান পরিচালনা করে ঝিনাইদহের চর খাজুরা গ্রামের নিজ চাচাকে হত্যা মামলার পলাতক প্রধান আসামী মো: আলামিন মন্ডলের ছেলে মোঃ রমজান আলী (২৪) কে গ্রেফতার করে।

বুধবার রাতে গ্রেফতারকৃত আসামী’কে ঝিনাইদহ সদর থানায় হস্তান্তর করা হয়। দ্রুত হত্যা মামলার আসামী গ্রেফতার করায় ঝিনাইদহ র্যাব-৬, জনগনের কাছে প্রসংশিত হয়েছে।

উল্লেখ্য যে, গত ২৮ ফ্রেব্রুয়ারি তারিখে ঝিনাইদহ জেলার সদর উপজেলার চরখাজুরা এলাকায় পারিবারিক কলহ ও নিজ জমিতে বাঁশ কাঁটাকে কেন্দ্র করে আতিয়ার রহমান (৬৫) কে তার আপন ভাতিজা রমজান আলী (২৪) নিজ হাতে এলোপাথাড়ি মারধর করে ও পরবর্তীতে লাঠি দিয়ে আঘাত করে গুরুতর যখম ও আহত করে।

অচেতন অবস্থায় তাকে ঝিনাইদহ সদর হাসপাতালে চিকিৎসার জন্য নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষনা করে।

এ বিষয়ে ভিকটিমের স্ত্রী মোছা: ছালেহা বেগম বাদী হয়ে ঝিনাইদহ সদর থানায় একটি হত্যা মামলা দায়ের করে।

মেহেরপুরে মাদক মামলায় একজনের ২ বছর সশ্রম কারাদন্ড

মাদকগ্রহন এবং হেফাজতে রাখার অভিযোগে তাজুল ইসলাম নামে একজনকে দুই বছরের সশ্রম কারাদণ্ড প্রদান করেছে মেহেরপুরের একটি আদালত।

সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট-১ম কোর্টের ম্যাজিস্ট্রেট এস, এম, শরিয়ত উল্লাহ্ গত সোমবার দুপুরে এই রায় প্রদান করেন।

আদালত সূত্রে জানা যায়, ইয়াবা রাখার অভিযোগে আসামি তাজুল ইসলাম ওরফে তাজুর বিরুদ্ধে ২০১৭ সালে মেহেরপুর থানায় একটি মাদক মামলা দায়ের করা হয়।

মাদক দ্রব্য নিয়ন্ত্রন আইন, ১৯৯০ এর ১৯ ধারায় তার বিরুদ্ধে চার্জ গঠন করা হয়। সাক্ষ্য গ্রহণ শেষে আজ মামলাটি যুক্তিতর্ক শুনানি এবং রায় প্রচারের জন্য দিন ধার্য করা হয়।

আসামি এবং রষ্ট্র পক্ষের যুক্তিতর্ক শুনানি অন্তে আসামির বিরুদ্ধে আনিত অভিযগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় আসামি তাজুল ইসলাম ওরফে তাজুকে দোষী সাব্যস্তপূর্বক দুই বছরের সশ্রম কারাদন্ড প্রদান করা হয়। আসামিকে কোর্ট থেকে জেল হাজতে প্রেরণ করা হয়।

মেহেরপুরে ফেনসিডিল ও গাঁজাসহ আটক-১

মেহেরপুরের গাংনীতে থানা পুলিশের অভিযানে ৩৪ বোতল ফেনসিডিল ও এক কেজি গাঁজাসহ মোয়াজ্জেম শেখ (৫৫) নামের এক ব্যক্তিকে আটক করা হয়েছে।

সোমবার (২৮ ফেব্রুয়ারী) সন্ধ্যা সাড়ে ৬ টার দিকে মেহেরপুরের গাংনী উপজেলার তেঁতুলবাড়িয়া ইউনিয়নের কল্যানপুর গ্রামের ব্রিজের

উপর থেকে তাকে আটক করা হয়।

এ সময় মাদক পাচারের কাজে ব্যবহৃত ব্যাটারী চালিত পাখি ভ্যান জব্দ করা হয়। মোয়াজ্জেম শেখ উপজেলার কাজিপুর ইউনিয়নের সাহেবনগর গ্রামের বদরউদ্দিনের ছেলে।

গাংনী থানা পুলিশ সূত্রে জানা গেছে, কল্যাণপুর ব্রিজ এলাকায় মাদক পাচার হচ্ছে এমন গোপন সংবাদের ভিত্তিতে বামুন্দি ক্যাম্প ইনচার্জ শরিফ হাবিবের নেতৃত্বে সেখানে অভিযান চালিয়ে মোয়াজ্জেম শেখ নামের এক ব্যক্তিকে আটক করা হয়। এ সময় তার কাছ থেকে ৩৪ বোতল ফেনসিডিল ও এক কেজি গাঁজা উদ্ধার করা হয়। সেইসাথে জব্দ করা হয় মাদক পাচারের কাজে ব্যবহৃত একটি পাখি ভ্যান।

আরো জানা গেছে, আটককৃত মোয়াজ্জেম হোসেনের বিরুদ্ধে ডাকাতিসহ একাধিক মাদক মামলা রয়েছে। তার বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে গাংনী থানায় নিয়মিত মামলা হয়েছে।

মেহেরপুরে সিগারেটের প্রচার ও বিজ্ঞাপন রাখার অপরাধে জরিমানা আদায়

মেহেরপুরে সিগারেটের প্রচার ও বিজ্ঞাপন সামগ্রী রাখার অপরাধে দুই ব্যবসায়ীকে জরিমানা করেছে ভ্রাম্যমাণ আদালত।

সোমবার দুপুরের দিকে মেহেরপুর সদর উপজেলার চাঁদবিল এবং বন্দর এলাকায় ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করেন সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট মাহমুদুল হাসান ও রিফাত জাহান ।

জানা গেছে, ধুমপান ও তামাকজাত দ্রব্য ব্যবহার ও নিয়ন্ত্রন আইন ২০০৫ এর ধারা ৫ এর ১(চ) মতে তাদের জরিমানা করা হয়েছে। মেহেরপুর সদর উপজেলার চাঁদবিল বাজারে শশী স্টোর ৩ হাজার টাকা ও বন্দর মোড়ে রুপম স্টোরে অভিযান চালিয়ে ৪ হাজার টাকা জরিমানা করা হয়। এসময় সিগারেটের প্রচার ও বিজ্ঞাপন সামগ্রী জব্দ করা হয়। এসময় সদর

উপজেলা স্যানিটারী ইন্সপেক্টর তারিকুল ইসলাম সেখানে উপস্থিত ছিলেন। মেহেরপুর থানা পুলিশের একটি দল আদালত পরিচালনায় সহযোগিতা করেন।

দর্শনায় নিষিদ্ধ ঘোষিত জঙ্গী সংগঠনের সক্রিয় সদস্য আশিকুল আটক

দর্শনায় অভিযান চালিয়ে আশিকুল ইসলাম (২৫) নামের এক নিষিদ্ধ ঘোষিত জঙ্গী সংগঠনের সক্রিয় সদস্যকে আটক করেছে র্যাব।

আশিকুল ইসলাম দামুড়হুদা উপজেলার দর্শনা থানাধীন পারকৃষ্ণপুর-মদনা ইউনিয়নের জিরাট গ্রামের মৃত মুনতাজ আলীর ছেলে।

আটককৃত আশিকুল ইসলাম নিষিদ্ধ ঘোষিত জঙ্গী সংগঠন আনসার আল ইসলাম একজন সক্রিয় সদস্য। তাকে দামুড়হুদা উপজেলার দর্শনা থানাধীন পারকৃষ্ণপুর-মদনা ইউনিয়নের জিরাট গ্রাম থেকে রংপুর র্যাব-১৩ আটক করে।

জানাগেছে, গত রোববার বিকালের দিকে গোপন সংবাদের ভিত্তিতে রংপুর র্যাব-১৩ এর পুলিশ পরিদর্শক শ্রী উপেন্দ্র নাথের নেতৃত্বে একটি বিশেষ টিম অভিযান পরিচালনা করেন চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার দর্শনা থানাধীন পারকৃষ্ণপুর-মদনা ইউনিয়নের জিরাট গ্রামে।

এসময় ইউনিয়নের ২নং ওয়ার্ডের জিরাট গ্রাম থেকে আটক করা হয় নিষিদ্ধ ঘোষিত জঙ্গী সংগঠন আনসার আল ইসলাম সক্রিয় সদস্য আশিকুল ইসলামকে। আটককৃত আসামীর বিরুদ্ধে দর্শনা থানায় মামলা দায়ের করে তাকে থানা পুলিশে সোপর্দ করেছে।

দর্শনা থানার অফিসার ইনচার্জ (ওসি) এ,এইচ,এম লুৎফুল কবীব জানান, আটককৃত ব্যাক্তি আনসার আল ইসলাম নামের নিষিদ্ধ ঘোষিত জঙ্গী সংগঠনের সক্রিয় সদস্য। আটকৃতর বিরুদ্ধে মামলা দায়ের করে দর্শনা থানা পুলিশে সোপর্দ করেছে।